

[বাংলাদেশ](#)

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান হলেন জাভেদ মুনির

প্রথম আলো ডেস্ক



জাভেদ মুনির আহমেদ ছবি : নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের নতুন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন জাভেদ মুনির আহমেদ। তিনি গত শনিবার বিশ্ববিদ্যালয়ের বোর্ড চেয়ারম্যানের দায়িত্বে এসেছেন।

সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জাভেদ মুনিরের চেয়ারম্যান হওয়ার এ তথ্য জানানো হয়েছে।

‘দুর্নীতি, রাষ্ট্রবিরোধী কার্যকলাপ ও জঙ্গিবাদে পৃষ্ঠপোষকতার’ অভিযোগে ২০২২ সালের ১৬ আগস্ট ট্রাস্টি বোর্ড ভেঙে দিয়ে বিশ্ববিদ্যালয়টির ১২ সদস্যের নতুন বোর্ড পুনর্গঠন করে দেয় সরকার। সরকারের পুনর্গঠন করে দেওয়া সেই নতুন ট্রাস্টি বোর্ডে ছিলেন জাভেদ মুনির আহমেদ।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জাভেদ মুনির নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মুসলেহ উদ্দীন আহমেদের ছেলে। জাভেদ মুনির ১৯৯২ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

জাভেদ মুনির যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সফটওয়্যার ডেভেলপমেন্ট সার্ভিসের আউটসোর্সিং কোম্পানি অ্যাপ্রোসফট কনসাল্টিং অ্যান্ড ট্রেনিং করপোরেশন লিমিটেডের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক (এমডি)। তথ্যপ্রযুক্তিশিল্পে তাঁর ৩৫ বছরের বেশি সময় কাজ করার অভিজ্ঞতা আছে।

যুক্তরাষ্ট্রের ব্রাউন ইউনিভার্সিটি থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি আছে জাভেদ মুনিরের। স্নাতক শেষে ১৯৯০ সালে যুক্তরাষ্ট্রেই প্রকৌশলী হিসেবে কর্মজীবন শুরু করেন।

জাভেদ মুনির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় শুভেচ্ছা জানিয়ে উপাচার্য আতিকুল ইসলাম বলেন, তাঁর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ে আরও সাফল্য আসবে বলে প্রত্যাশা করেন।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো